গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
১৪, আবদুল গণি রোড, ঢাকা।

স্মারক নং-নিপ/বিবিধ/৪৪৭৪(৬১) তারিখঃ ১৭/০৪/২০০৭ ইং

প্রেরকঃ মহা-পরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ জেলা রেজিস্ট্রার (সকল)।

বিষয়ঃ অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) উপধারা অনুযায়ী কোর্টের আদেশে ভোগদখলপ্রাপ্ত সম্পত্তি বিক্রয় করিবার সময় ব্যাংকের অনুকূলে সর্বশেষ খতিয়ান প্রযোজ্য হইবে কিনা তদবিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ১০-০৪-২০০৭ ইং তারিখের আর-৬/১-১৯/২০০৭/১২৩ নং স্মারকে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে অর্থঋণ আদালতে ডিক্রীদার ব্যাংক কর্তৃক ডিক্রীকৃত সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে ১৯০৮ সনের রেজিস্ট্রেশন আইনের ৫২এ ধারার (এ) উপ-ধারা মতে কোন বিক্রয় দলিল রেজিস্ট্রেশনের জন্য উপস্থাপন করা হইলে রেজিস্টারিং কর্মকর্তা উহা রেজিস্ট্রি করিবেন না যদি উত্তরাধিকার ব্যতীত অন্য কোন উপায়ে সম্পত্তির মালিক হইয়া থাকিলে রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর অধীন প্রস্তুতকৃত তাহার নিজ নামে সর্বশেষ খতিয়ান দলিলের সঙ্গে সংযুক্তি আকারে দাখিল করা না হয়। অপরদিকে অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) উপ-ধারা অনুসারে ডিক্রীকৃত দাবী পরিপূর্ণভাবে পরিশোধিত না হওয়া পর্যন্ত সম্পত্তির দখল ও ভোগের অধিকারসহ বিক্রয়ের অধিকার প্রদান করা হইয়াছে এবং আদালত তদমর্মে একটি সার্টিফিকেট ইস্যু করিবে।

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) উপ-ধারা অনুযায়ী ডিক্রীকৃত সম্পত্তির বিক্রয়ের অধিকার ব্যাংককে প্রদান করা হইলেও নিরঙ্কুশ মালিকানা প্রদান করা হয় নাই; বর্ণিত আইনে ৩৩(৭) উপ-ধারায় সম্পত্তির মালিকানা স্বত্ব ব্যাংক কর্তৃক অর্জনের বিধান আছে। সুতরাং বর্ণিত আইনের ৩৩(৫) উপ-ধারা মতে ব্যাংক কর্তৃক ডিক্রীকৃত সম্পত্তি বিক্রয়ের অধিকার বিশেষ আইন কর্তৃক প্রদত্ত একটি বিশেষ অধিকার যাহা মালিকানার সাথে সম্পর্কিত নহে। এমতাবস্থায়, অর্থঋণ আদালত আইনের ৩৩(৫) উপ-ধারা অনুসারে ডিক্রিদার ব্যাংক কর্তৃক সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে রেজিস্ট্রেশন আইনের ৫২এ ধারা প্রযোজ্য হইবে না বিধায় বিষয়টি তাহার অধীনস্ত সকল সাব-রেজিস্ট্রারকে অবহিতকরণক্রমে প্রতিপালনের নির্দেশ দানের জন্য তাহাকে বলা হইল।

স্বাক্ষরিত
১৭/০৪/০৭
(মোঃ মাসদার হোসেন)
মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ, ঢাকা।